

বাড়তি তথ্য-সংস্থানসমূহ

- ▶ ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কবাসীর জন্য সিটির অধিকাংশ পরিষেবা উন্মুক্ত। মেয়রের অফিস অভ ইমিগ্রেশন অ্যাডভোকেট-এর কাছ থেকে তথ্য পেতে 311 নম্বরে ফোন করুন বা www1.nyc.gov/immigrants দেখুন।
- ▶ **ActionNYC** (অ্যাকশনএনওয়াইসি) হলো এমন একটি প্রোগ্রাম যা আপনার ভাষায় আস্থাভাজন কমিউনিটি সংগঠনগুলো থেকে বিনামূল্যে, নিরাপদ অভিবাসনগত আইনি সহায়তা অফার করে।
 - অ্যাপয়েন্টমেন্ট করতে, (800) 354-0365 কিংবা 311 নম্বরে, সোমবার থেকে শুক্রবার, সকাল 9 a.m. থেকে সন্ধ্যা 6 p.m. পর্যন্ত সময়ে ফোন করুন, এবং "অ্যাকশনএনওয়াইসি" ("ActionNYC") বলুন।
- ▶ আপনি উদ্বিগ্ন, মানসিক চাপগ্রস্ত, অথবা বিষন্ন বোধ করলে, সহায়তা লভ্য আছে। আপনি একা নন। **ThriveNYC** (থ্রাইভএনওয়াইসি) আপনাকে আপনার ভাষায় মানসিক স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা দেবে।
 - (888) NYC-WELL নম্বরে ফোন করুন অথবা "WELL" লিখে 65173 নম্বরে টেক্সট করুন।
অনলাইনে আরও জানতে, দেখুন: nycwell.cityofnewyork.us।



অভিবাসী বা ইমিগ্র্যান্ট পরিবারদের জন্য সুরক্ষা

আপনার অভিবাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) আমাদের সকল শিক্ষার্থী ও পরিবারের অধিকার সংরক্ষণের ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।

আপনার অধিকারগুলো জানুন

গোপনীয়তা: DOE কোনও শিক্ষার্থী অথবা তার পরিবারের সদস্যদের অভিাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কিত কোনও প্রশ্ন জিজ্ঞেস করে না অথবা তার খোঁজ রাখে না। আপনি অভিাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত কোনও কাগজপত্র আমাদের কর্মীর কাছে দিয়ে থাকলে তারা সেটা সংরক্ষণ করবেন না। আইন দ্বারা আবশ্যিক দ্বারা বাধ্য না হলে DOE-এর স্টাফ শিক্ষার্থীর তথ্য কাউকে জানাবেন না।

ভাষাগত সহায়তা: আপনার সন্তানের স্কুল সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য ও চিঠিপত্রের ব্যাপারে সহায়তার জন্য DOE স্প্যানিশ, চায়নিজ বাংলা, আরবি, রাশিয়ান, উর্দু, হেশিয়ান ক্রিওল, ফ্রেঞ্চ এবং কোরিয়ান ভাষার পাশাপাশি 200-টিরও বেশি ভাষায় আপনাদেরকে বিনামূল্যে অনুবাদ পরিষেবা প্রদান করে।

অতিরিক্ত তথ্যের জন্য, দেখুন:

www.schools.nyc.gov/school-life/support/in-your-language

নিরাপদ স্কুলসমূহ: সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ পরিবেশ বজায় রাখতে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস্ এনফোর্সমেন্ট-এর (ICE) কর্মীগণসহ কোনও অস্থানীয় বা লোকাল-নয় এমন আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাগণ আইন অনুযায়ী বাধ্যতামূলক না হলে এবং স্কুল DOE-এর আইনজীবীর সাথে কথা বলার আগে, DOE-এর স্কুলগুলোতে প্রবেশ করতে পারবেন না।

যদি কোনও ICE কর্মকর্তা স্কুলে উপস্থিত হন, তাহলে কী হবে?

- স্কুলের সেইফটি এজেন্ট প্রিন্সিপালকে ফোন করবেন, যিনি আগত অফিসারের সাথে সেইফটি ডেস্কের সামনে সাক্ষাৎ করবেন। প্রিন্সিপাল অফিসারকে বলবেন যে, যখন প্রিন্সিপাল DOE আইনজীবীদের সাথে কথা বলবেন সেই সময়টুকু অফিসারকে অবশ্যই স্কুল বিল্ডিংয়ের বাইরে অপেক্ষা করতে হবে।
- প্রিন্সিপাল DOE-এর আইনজীবীর সাথে কথা বলবেন এবং পিতামাতা অথবা অভিভাবকদের জানাবেন। ICE কর্মকর্তাগণের কাছে যদি বৈধ আইনি ওয়ারেন্ট থাকে, কিংবা যদি এমন কোনও জরুরি পরিস্থিতির সৃষ্টি হয় যে তাদের জরুরি পদক্ষেপ নেয়া প্রয়োজন হয়, শুধুমাত্র তাহলেই তারা প্রবেশ করতে পারবেন।

আপনার পরিবারকে সুরক্ষিত রাখুন

আপনার তথ্য হালনাগাদ (আপডেট) করুন: প্রাপ্তবয়স্কদের নাম এবং ফোন নম্বর যোগ করতে (উদাহরণস্বরূপ: পারিবারিক সদস্য, বন্ধু-বান্ধব, বেবিসিটার, প্রতিবেশী, অথবা স্কুলের অন্য কোন পিতামাতা) সন্তানের স্কুলে আপনার জরুরি যোগাযোগের ব্যক্তিদের তথ্য দিন যাতে তারা আপনার অনুপস্থিতিতে আপনার সন্তানকে স্কুল থেকে নিতে আসতে পারে। এতে অন্তর্ভুক্ত আপনার সন্তান যে প্রি-K, চাইল্ডকেয়ার, কিংবা আফটার-স্কুল প্রোগ্রামে যায়।

যদি কোনও ছেলেমেয়ের প্রযত্ন-প্রদানকারী (অভিভাবক) আটক হন অথবা ICE কর্তৃক ডিপোর্ট হন, সেক্ষেত্রে পিতামাতা ও আইনি অভিভাবকগণ আদালত দ্বারা একজন বিকল্প অভিভাবক নিযুক্তির জন্য আবেদন করতে পারবেন। আরও জানতে 311 নম্বরে ফোন করুন এবং বিনামূল্যে ও নিরাপদ অভিাসন বা ইমিগ্রেশন আইন বিষয়ক সহায়তাকারীর সাথে সংযুক্ত হতে "অ্যাকশনএনওয়াইসি" (ActionNYC) বলুন।

সবার প্রতি মর্যাদা:

কোনও শিক্ষার্থীকে স্কুলে নিরাপত্তাহীন বোধ করতে হবে না, সেই লক্ষ্যে হয়রানি, হুমকি, মাস্তানি (বুলিং) ও বৈষম্য মুক্ত সুরক্ষিত ও সহায়ক শিক্ষণ পরিবেশ সংরক্ষণ করায় DOE প্রতিশ্রুতিবদ্ধ। আপনার সন্তান যদি আপনাকে বলে যে সে মাস্তানির (বুলিং) শিকার হচ্ছে অথবা তাকে হয়রানি করা হচ্ছে, তাহলে অনুগ্রহ করে অবিলম্বে স্কুলের কোনও স্টাফের কাছে তা রিপোর্ট করুন। মাস্তানি (বুলিং) রিপোর্ট করার কিছু উপায় সম্পর্কে জানতে, দেখুন: schools.nyc.gov/RespectforAll.

কাগজপত্র না থাকলে আমি কি আমার সন্তানের স্কুলে যেতে পারবো?

হ্যাঁ। DOE-এর স্কুলে আসতে, আপনার একটি ছবিযুক্ত অফিশিয়াল পরিচয়পত্রের প্রয়োজন হবে। DOE, IDNYC গ্রহণ করে যা সকল নিউ ইয়র্কবাসীদের জন্য NYC কর্তৃক ইস্যু করা বিনাখরচে প্রদত্ত একটি মিউনিসিপ্যাল ID কার্ড। IDNYC অভিাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্য সংগ্রহ করে না। আপনি এই ওয়েবসাইটে বিনামূল্যে একটি IDNYC কার্ডের জন্য সাইন আপ করতে পারেন: www.nyc.gov/IDNYC।